

## ইয়ুথ লিডার দুলালের নেতৃত্বে করোনা প্রতিরোধের উদ্যোগ



৯ এপ্রিল তারিখে হবিগঞ্জ সদর উপজেলার নিজামপুর ইউনিয়নের পাইকপাড়া গ্রামের প্রবাসী এক ভাইয়ের আর্থিক সহযোগিতায় এবং ইয়ুথ লিডার মোতালিব তালুকদার দুলাল-এর নেতৃত্বে করোনাভাইরাস প্রতিরোধের উদ্যোগ নেওয়া হয়। গ্রামের সমাজিক সংগঠন 'সাম্যবীণা এবং ইয়ুথ এন্ডিং হাঙ্গার হবিগঞ্জ ইউনিটের সদস্যবৃন্দের অংশগ্রহণে গ্রামের রাস্তাগুলোতে জীবাণুনাশক স্প্রে করা হয়।

একই সাথে গ্রামের মানুষদের মধ্যে মরণঘাতী করোনা ভাইরাস প্রতিরোধে বিষয়ে প্রয়োজনীয় তথ্য প্রচার করা হয়।



## দৃষ্টান্ত স্থাপন করছে মানিকগঞ্জের অগ্রণী তরণেরা

মানিকগঞ্জের খান বাহাদুর আওলাদ হোসেন খান কলেজ শাখা ইয়ুথ এন্ডিং হাঙ্গারের যুগ্ম-সমন্বয়কারী হাবিবুর রহমান সাগরের নেতৃত্বে গত ৮ এপ্রিল মানিকগঞ্জের দৌলতপুর উপজেলার কলিয়া ইউনিয়নের খলিসা ডহড়া ও মাকারকুল গ্রামে করোনাভাইরাস প্রতিরোধে করণীয় বিষয়ে ১৫ জন তরণ তিনটি দলে বিভক্ত হয়ে লিফলেট বিতরণের মাধ্যমে সাধারণ মানুষকে সচেতন করা হয়।

৯ এপ্রিল ৪টি জীবাণুনাশক ছিটানোর যন্ত্র নিয়ে ১২ জন উল্লেখিত দুইটি গ্রামসহ এলাকায় চলাচলকারী যানবাহনে জীবাণুনাশক ছিটানো হয়। একইসাথে তারা গ্রামের বাইরে থেকে অযাচিত কেউ যাতে না আসে ও বিশেষ প্রয়োজন ছাড়া কেউ যাতে বাড়ির বাইরে না থাকে এ বিষয়ে প্রতিদিন তদারকি করছে। ইয়ুথ লিডার সাগরসহ তার দলের আলামিন, রবিউল, রুবলে, শাহিন, অপু, আরিফ, শামীম ও রাজিব প্রমুখ অগ্রণী তরণেরা এভাবে দৃষ্টান্ত স্থাপন করে চলেছে।



অন্যদিকে সদর উপজেলার বেতীলা-মিতরা ইউনিয়নের আউটপাড়া গ্রামে ইয়ুথ লিডার মোঃ শাহীনের রহমানের নেতৃত্বে ৯ এপ্রিল ১২ জন তরণকে সাথে নিয়ে জীবাণুনাশক ছিটানো হয়। একই সাথে তারা গ্রামের মানুষকে করোনাভাইরাস থেকে নিজেদের সুরক্ষিত রাখার বিষয়ে তথ্য প্রচার করেন এবং সবাইকে বাড়িতে থাকার আহ্বান জানান।

সবাই মিলে **শপথ করি**  
করোনা ভাইরাসমুক্ত গ্রাম গড়ি



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি

সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব

প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ; সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

২/২, হেরাল্ডিক হাইটস, ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা ১২০৭, yeh.bd@thp.org; www.thpbd.org

THE HUNGER PROJECT